# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-05-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রিভিউ পিটিশন দাখিল করা সত্ত্বেও সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে চাকরিহারাদের পরীক্ষায় বসতেই হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। রাজ্য সরকার এসএসসি-র বাতিল হওয়া শিক্ষক পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করছে।

তবে, চাকরিহারাদের একাংশ পরীক্ষায় না বসার দাবিতে অনড়।

২) কাউন্সেলিং-এর ফলাফল অগ্রাহ্য করে কয়েকজন জুনিয়র ডাক্তারদের অন্যায়ভাবে বদলির অভিযোগে মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছে 'অ্যাসোসিয়েশন অফ হেলথ সার্ভিস ডক্টরস'।

৩) রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ৮৭১ জন পোস্ট গ্র্যাজুয়েট চিকিৎসক নিয়োগ করা হচ্ছে।

৪) ওড়িশা উপকূলে সৃষ্ট নিম্নচাপ অঞ্চলটি ক্রমে উত্তরদিকে অগ্রসর হওয়ায় আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গের সব জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ ।

৫) দেশের আবহ বিজ্ঞানকে আরও আত্মনির্ভর করে তুলতে কেন্দ্রীয় সরকার ভারত ফোরকাস্টিং সিস্টেম চালু করেছে।

ooooooooooooooooooooooooooo

সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনে রাজ্য সরকার এসএসসি-র বাতিল হওয়া শিক্ষক পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করছে। একই সঙ্গে নতুন কিছু শূন্যপদে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে জানিয়েছেন, ৩০-মে মোট ৪৪ হাজার ২০৩টি পদে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হবে। এর মধ্যে আদালতের নির্দেশে ২৪ হাজার ২০৩টি বাতিল হওয়া শিক্ষক পদ রয়েছে। এছাড়াও বিভিন্ন স্কুলে শিক্ষক, গ্রুপ সি এবং গ্রুপ ডির শূন্য পদ মিলিয়ে আরও প্রায় ২০ হাজার অতিরিক্ত কর্মী নিয়োগ করা হবে। চাকরিহারাদের বয়সের ছাড় দেওয়ার পাশাপাশি যারা শিক্ষকতা করছেন তাদের অভিজ্ঞতার শংসাপত্র দেওয়া হবে। তিনি বলেন, আদালতের নির্দেশে বাধ্য হয়েই সরকারকে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি করতে হচ্ছে। তবে একই সঙ্গে রায় পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই সুপ্রিম কোর্টে আবেদনও দাখিল করেছে। চাকরিহারা প্রার্থীদের জন্য সব রাস্তা খুলে রাখতে পরীক্ষায় বসারও আবেদন জানান মুখ্যমন্ত্রী।

(বাইট - মমতা)

একই সঙ্গে তিনি জানিয়েছেন, সরকার আদালতের রায়ে চাকরিহারা গ্রুপ সি, গ্রুপ ডি কর্মীদের পাশেও থাকবে। তাদের শিক্ষা দফতর ছাড়াও রাজ্য সরকারের আরও কয়েকটি দফতরে চাকরির সুযোগ দেওয়া হবে।

এদিকে, মুখ্যমন্ত্রীর এই ঘোষণা তাঁদের জন্য মৃত্যু পরোয়ানার সামিল বলে অভিযোগ করেছেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে বৃন্দাবন ঘোষ বলেন, রিভিউ পিটিশনের মাধ্যমে তাদের চাকরি বাঁচানোর জন্য সরকারকে জোরালোভাবে চেষ্টা করতে হবে।

(বাইট – শিক্ষক)

এদিকে, রিভিউ পিটিশন করে চাকরিহারাদের সমস্যার সমাধান হবে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছে।

(বাইট – শুভেন্দু)

এদিকে, যোগ্য অযোগ্যদের তালিকা রাজ্যের কাছে আছে, সেই তালিকা প্রকাশিত হলেযোগ্যদের পুনর্বহাল সম্ভব ছিল বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, চাকরিহারা শিক্ষকদের আন্দোলনে তাঁর দলের পূর্ণ সমর্থন রয়েছে।

২০১৬ সালের এসএসসির ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশ এবং অযোগ্যদের চাকরির বাতিলের দাবিতে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছেন চাকরিহারা শিক্ষকদের একাংশ। তাঁদের পক্ষ থেকে সুমন বিশ্বাস জানান, মামলার গুরুত্ব বিচার করে অবসরকালীন বেঞ্চে যাতে শুনানি হয়, তার জন্য আবেদন জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জুনিয়র ডাক্তারদের অন্যায়ভাবে বদলির অভিযোগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছে 'অ্যাসোসিয়েশন অফ হেলথ সার্ভিস ডক্টরস'। মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার উৎপল বন্দ্যোপাধ্যায় লিখেছেন, অভয়ার ন্যায় বিচারের দাবিতে আন্দোলনের সামনের সারিতে থাকার জন্যই অনিকেত মাহাতো, দেবাশিস হালদার এবং আশফাকুলা নাইয়ার সঙ্গে এই অবিচার করা হয়েছে। এর ফলে কাউন্সেলিং প্রক্রিয়ার স্বচ্ছতা নষ্ট হয়েছে। এ ব্যাপারে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছে চিকিৎসকদের এই সংগঠন।

শুধু জুনিয়র বা সিনিয়র ডাক্তারদের ওপরই নয়, অভয়া আন্দোলনের সঙ্গে যুক্ত থাকা সমাজের বিভিন্ন পেশার মানুষের ওপরই এই ধরনের প্রশাসনিক আক্রমণ নেমে আসছে বলে মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে উৎপলবাবু অভিযোগ করেছেন।

এদিকে, ডাক্তারদের সংগঠন Service Doctors' Forum এই সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়ে অবিলম্বে ওই নির্দেশিকা প্রত্যাহারের দাবি জানিয়েছে। ফোরামের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস বলেন, মেধার ভিত্তিতে স্বাস্থ্য ভবন কাউন্সিলিং প্রক্রিয়ার

মাধ্যমে যে পোস্টিং লিস্ট তৈরি করেছিল সেই লিস্ট অনুযায়ী সকলকে পোস্টিং দেওয়া উচিৎ।

বাইট ডাক্তার সজল বিশ্বাস

আগেই জানানো হয়েছে, আর জি কর আন্দোলনের মুখ হিসেবে পরিচিত ডক্টর দেবাশিষ হালদার, অনিকেত মাহাতো এবং আসফাকুল্লা নাইয়াকেও কাউন্সিলিং-এর পর মেরিট লিস্ট অনুযায়ী পাওয়া নিয়োগ ক্ষেত্র থেকে অন্য জায়গায় পাঠানো হচ্ছে বলে নির্দেশিকা জারী হয়েছে। এ ব্যাপারে স্বাস্থ্যভবনে প্রতিবাদও জানিয়েছে ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টরর্স ফ্রন্ট ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ৮৭১ জন পোস্ট গ্র্যাজুয়েট চিকিৎসক নিয়োগ করা হচ্ছে। তাদের সিনিয়র রেসিডেন্ট পদে নিয়োগ করা হবে বলে স্বাস্থ্য দফতর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। রাজ্য স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়-এর অধীনে থাকা এই চিকিৎসকদের অবিলম্বে নিয়োগ করে তাদের বিধি মাফিক পারিশ্রমিকের ব্যবস্থা করারও নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশ থানাগুলির মধ্যে তথ্য আদান-প্রদান আরও দ্রুত ও কার্যকর করতে একটি নতুন পোর্টাল চালু করতে চলেছে। ‘লোকাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম’ বা সংক্ষেপে এলআইএমএস নামে নতুন এই পোর্টালে মামলার তদন্তের স্বার্থে প্রয়োজনীয় ঠিকানা বা অন্যান্য তথ্য সহজে সংগ্রহ করা যাবে। এতে মামলার নিষ্পত্তির গতি অনেকটাই বাড়বে বলে মনে করা হচ্ছে।

এতদিন পর্যন্ত এই ধরনের তথ্য পেতে থানাগুলিকে আলাদা করে ফ্যাক্স, ফোন বা ই-মেল করতে হত। যার ফলে অনেক সময় তথ্য সংগ্রহে বিলম্ব হত। এলআইএমএস চালু হলে সেই সমস্যা অনেকটাই কাটবে।এই পোর্টালের আরও একটি উল্লেখযোগ্য দিক হল, কোনও একটি থানা প্রয়োজনে রাজ্যের একাধিক থানাকে একসঙ্গে ট্যাগ করতে পারবে। যেসব থানাকে ট্যাগ করা হবে, তাদের ৪৮ ঘণ্টার মধ্যে উত্তর দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। ফলে তদন্তের ক্ষেত্রে সময় বাঁচবে এবং আন্তঃথানা সমন্বয়ের অভাবও দূর হবে বলে আশা করা হচ্ছে।

রাজ্য পুলিশ ইতিমধ্যেই বিভিন্ন জেলায় আধিকারিকদের এই পোর্টাল ব্যবহারে দক্ষ করে তুলতে প্রশিক্ষণ প্রক্রিয়া শুরু করেছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যপালের কাছে আটকে থাকা বিলগুলিকে দ্রুত আইন রূপে কার্যকর করতে রাজ্য বিধানসভায় সংবিধান সংশোধনের প্রস্তাব আনার কথা বিবেচনা করা হচ্ছে। বিধানসভায় পাশ হওয়া বিল অনির্দিষ্টকালের জন্য আটকে রাখা যাবে না বলে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায়ের প্রেক্ষিতে সরকার পক্ষের তরফে বিধানসভার আসন্ন অধিবেশনে এই প্রস্তাব আনার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানা গেছে। এ প্রসঙ্গে রাজ্য বিধানসভার অধ্যক্ষ্য বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, প্রস্তাব গৃহীত হলে সেটি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হবে। যদি আদালতের রায় মাফিক কোনও বিলকে আইনকে পরিণত করার সময়সীমা বেঁধে দিতে হয়, সেক্ষেত্রে সংবিধান সংশোধন করতে হবে বলেও তিনি জানান।

oooooooooooooooooooooooooooo

উত্তর- পশ্চিম বঙ্গোপোসাগরের ওড়িশা উপকূলে সৃষ্ট নিম্নচাপ অঞ্চলটি ক্রমে উত্তরদিকে অগ্রসর হওয়ায় আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গের সব জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সর্বত্রই ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। ইতিমধ্যেই গত রাত থেকে বৃষ্টি হচ্ছে। আজ সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা।

মৎস্যজীবীদের আগামী ৩১ তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত একথা জানিয়েছেন।

(বাইট – সোমনাথ)

নিম্নচাপ ও অমাবস্যার ভরা কোটালের জোড়া ফলায় দক্ষিণ ২৪ পরগনা জেলায় আজ হলুদ সতর্কতা জারী করা হয়েছে। জেলার পাথরপ্রতিমা, নামখানা, সাগর, কুলতলি, গোসাবা, কাকদ্বীপের নদী ও সমুদ্রবাঁধের কানায় কানায় জল। আজ থেকে রয়েছে জলোচ্ছ্বাসের সতর্কতাও। পাথরপ্রতিমার জিপ্লট -, দূর্বাচটিতে সমুদ্র ও নদীর জল বাঁধ টপকে লোকালয়ে ঢুকছে। জেলা প্রশাসন দুর্যোগ মোকাবিলায় দফায় দফায় বৈঠক করছে। দুর্যোগ মোকাবিলায় সব বিভাগের কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। কন্ট্রোলরুম খোলার পাশাপাশি বিডিও অফিসে শুকনো খাবার, পানীয়জল, ত্রিপল মজুত রাখা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

চলতি বর্ষার মরসুমে প্রতিবেশী রাজ্য ভূটানে কি পরিমান বৃষ্টি হচ্ছে এবং তার জেরে উত্তরবঙ্গের সমতল এলাকার নদীগুলিতে জল কতটা বাড়তে পারে তা আগাম জানতে সেচ দপ্তর, ভূটান থেকে নেমে আসা আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির মধ্যে দিয়ে প্রবাহিত ৪০ টি নদীর মুখে সৌর বিদ্যুত চালিত সেন্সর যুক্ত অত্যাধুনিক স্বয়ংক্রীয় যন্ত্র বসানোর সিদ্ধান্ত নিয়েছে। এরফলে সেচ দপ্তরের কর্তারা কন্ট্রোল রুমে বসেই বৃষ্টি ও বন্যা সংক্রান্ত যাবতীয় তথ্য হাতে পাবেন বলে জানা গিয়েছে। এছাড়াও ভারতীয় আবহাওয়া দপ্তর ভারত ভূটান সীমান্তের ৪৩টি চা বাগানে ওয়েদার রেকর্ডিং স্টেশন বসিয়েছে। এর ফলে পাহাড়ের জল নেমে সমতলে বন্যা পরিস্থিতির সম্পর্কে আগাম খবর পাওয়া যাবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

ভারতের আবহবিজ্ঞান গবেষণা আরো আত্মনির্ভর হয়ে উঠেছে। একেবারে ছোট ছোট এলাকাভিত্তিক আবহাওয়ার পূর্বাভাস পেতে IMD র কাছে এখন নতুন ব্যবস্থাপনা ভারত ফোরকাস্টিং সিস্টেম। সোমবারই তার সূচনা করেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং।

ভারতীয় আবহবিজ্ঞানের এই সাফল্য নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার আমডাঙায় এক ব্যক্তির গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় পুলিশ স্থানীয় তৃণমূল কংগ্রেসের উপ-প্রধানের ছেলেকে গ্রেফতার করেছে। জানা গেছে, সাইকেলে যাওয়ার সময় মোসিয়ার রহমান নামে এক যুবককে ওই উপ-প্রধানের ছেলে আরিফুল মন্ডল খুব কাছ থেকে গুলি করে। মোসিয়ারের স্ত্রীর সঙ্গে আরিফুলের অবৈধ সম্পর্ক থাকায় গত কয়েকদিন ধরে তাদের মধ্যে ঝামেলা চলছিল বলে অভিযোগ। আরিফুলকে আজ বারাসাত আদালতে তোলা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০